

আকাশসীমা খুলে দিলো পাকিস্তান

- A Monitor Desk Report

Date: 11 May, 2025



ঢাকাঃ ভারতের সঙ্গে পূর্ণ ও তাৎক্ষণিক যুদ্ধবিরতিতে সম্মত হয়েছে পাকিস্তান। শনিবার (১০ মে) বিকেলে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সামাজিক মাধ্যম টুইখে হঠাৎ করে এ তথ্য জানান। এরপর দুই দেশ আলাদাভাবে বিষয়টি নিশ্চিত করে। ভারতের পররাষ্ট্র সচিব বিক্রম মিশ্রি জানিয়েছেন, স্থানীয় সময় বিকেল ৫টা থেকে যুদ্ধবিরতিটি কার্যকর হয়েছে।

এর কিছুক্ষণ পরই পাকিস্তানের বিমানবন্দর কর্তৃপক্ষ জানিয়েছে, সবধরনের ফ্লাইটের জন্য তাদের আকাশসীমা খুলে দেয়া হয়েছে।

গত ৭ মে পাকিস্তানের আজাদ কাশ্মির ও অন্যান্য জায়গায় মিসাইল হামলা চালায় ভারত। এর সঙ্গে সঙ্গে পাকিস্তানের বিমানবাহিনী ভারতের বিমান লক্ষ্য করে হামলা চালায়। ওইদিন ভারতের পাঁচটি যুদ্ধবিমান ভূপাতিত করতে সমর্থ হয় তারা। এরপর দুই দেশের সীমান্তে গোলাবর্ষণ চলতে থাকে। সঙ্গে চলে ডোন হামলাও।

শুক্রবার (৯ মে) মধ্যরাতে ভারত হঠাৎ করে পাকিস্তানের তিনটি বিমানঘাঁটিতে হামলা চালায়। এরপর পাকিস্তান শনিবার (১০ মে)সকালে ভারতের বিভিন্ন ঘাঁটি ও সামরিক অবকাঠামো লক্ষ্য করে ব্যাপক হামলা চালায়। এতে হাইপারসনিক মিসাইল ব্যবহার করে ইসলামাবাদ।

এদিকে যুদ্ধবিরতিটি তাৎক্ষণিকভাবে কার্যকর হবে জানিয়ে পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রী ইসহাক দার বলেছেন “পাকিস্তান সবসময় এ অঞ্চলে শান্তি ও নিরাপত্তার জন্য সংগ্রাম করেছে। তবে এক্ষেত্রে আমরা আমাদের সার্বভৌমত্ব ও অখণ্ডতা নিয়ে কখনো আপস করিনি।”

অপরদিকে ভারতের পররাষ্ট্র সচিব বিক্রম মিশ্রি বিষয়টি নিশ্চিত করে বলেছেন, আজ দুপুরে পাকিস্তানের মিলিটারি অপারেশনের মহাপরিচালক ভারতীয় মিলিটারি অপারেশনের মহাপরিচালকের সঙ্গে যোগাযোগ করেন। এরপর তাদের মধ্যে একটি চুক্তি হয়।

তিনি বলেন, “তারা সম্মত হন যে দুই পক্ষ লড়াই এবং স্থূল, আকাশ ও সমুদ্রে সামরিক কার্যক্রম বন্ধ করবে। যা ভারতীয় সময় বিকেল ৫টা থেকে কার্যকর হবে। এ চুক্তিটি কার্যকরে দুই পক্ষকে নির্দেশনা দেওয়া হয়েছে। দুই দেশের মিলিটারি অপারেশনের মহাপরিচালকরা আগামী

১২ মে ফের কথা বলবেন।”

ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসি জানিয়েছে, যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প নিজের মালিকানাধীন সামাজিক মাধ্যম টুথ-এ ভারত-পাকিস্তানের যুদ্ধবিরতির কথা জানান। তিনি বলেন, দুই দেশ তাৎক্ষণিকভাবে যুদ্ধবিরতিতে রাজি হয়েছে।

-B